কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
(www.moa.gov.bd)

নং-১২.০৫২.০৩৫.০০.০০.০০৬.২০১০-১১১৯

তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০১৫

বিষয় ঃ উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পরিচালনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারির উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির দ্বাদশ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

*সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ৪৬.০৪৬.০০৬.০০.০০.০০১.২০১২-১০৪৫ সংখ্যক পত্র।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারন অধিদপ্তর
পরিচালক (প্রঃ ও অর্থ)
ডাইরি নং ৭৫৮৮
তারিখ ১৭/৯/১৫

উপর্যুক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ ০৪ (চার) পাতা।

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব
ফোন : ৯৫৫৮৬৫৩
ই-মেইল : sasexten1@moa.gov.bd

মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নং-১এম-১/২০১১(৪)/ ১০৬৭৭(২২)

তারিখঃ- ২৮/৯/২০১৫

জ্ঞাতার্থে অনুলিপি ঃ

১। পরিচালক, ..............................................উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (সকল)।
২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,......................অঞ্চল,.................................(সকল)।

স্থানীয় সরকার বিভাগের অগ্রগতি বিষয়ক সংযুক্ত (কৃষি মন্ত্রণালয়ের ১৫-০৯-২০১৫ তারিখের ১২.০৫২.০৩৫.০০.০০.০০৬.২০১০.১১১৯ সংখ্যক ও স্থানীয় সরকার বিভাগের ০১-০৯-২০১৫ তারিখের ৪৬.০৪৬.০০৬.০০.০০.০০১.২০১২-১০৪৫ সংখ্যক) পত্রের ৩.১ নং সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন নিশ্চিত করে আগামী ০১-১১-২০১৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রদানের অনুরোধ করা হলো।

২৮.০৯.২০১৫

( মোঃ আব্দুল গফুর )
উপ পরিচালক (প্রশাসন)
পক্ষে-মহাপরিচালক
ফোনঃ ৯১২৫০৫৩

২৮/৯/২০১৫

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০০৬.০০.০০.০০১.২০১২-১০৪৫ তারিখ : ০১ সেপ্টেম্বর ২০১৫

বিষয় : উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারির উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির দ্বাদশ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০০৬.০০.০০.০০১.২০১২-৯২৩; তারিখ : ০২ আগস্ট, ২০১৫।

উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারির উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির দ্বাদশ সভা মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৩ জুলাই, ২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো। দ্বাদশ সভায় অন্যান্য সিদ্ধান্তের মধ্যে ৩.১ নং সিদ্ধান্তটি নিম্নরূপ :

**সিদ্ধান্ত:**

(ক) চিকিৎসক ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে যথারীতি নিজ জেলা কিংবা উপজেলায় পদায়ন করা যাবে;

(খ) প্রথম শ্রেণীর অন্যান্য কর্মকর্তাকে নিজ জেলা ছাড়া অন্য জেলায় বদলি/পদায়ন এবং দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদেরকে নিজ উপজেলা ব্যতীত অন্য উপজেলায় বদলি/পদায়ন করা যাবে; তবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদেরকে নিজ জেলায় বদলি/পদায়ন করা যাবে না;

(গ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (মহিলা)-দের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কেস-টু-কেস ভিত্তিতে নিজ উপজেলা ব্যতীত অন্য উপজেলায় বদলি/পদায়ন করতে পারবে;

(ঘ) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদেরকে নিজ উপজেলা ব্যতীত নিজ জেলার মধ্যে অন্য উপজেলায় বদলি/পদায়ন করা যাবে।

০২. এমতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থা মন্ত্রিপরিষদ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৩ (তিন) পাতা।

০১-০৯-২০১৫
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

১। সিনিয়র সচিব
................................................ মন্ত্রণালয়/বিভাগ।

২। সচিব
.........কৃষি......................... মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি :
১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ

12th National Committee Letter 1